29

দৈনিক সংবাদ

তারিখ 05 JAN 1996
পৃষ্ঠা 2 কলাম 6

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

# স্নাতকোত্তর প্রথম পর্বে ৮০১টি আসন শূন্য

জগন্নাথ বিশ্ববিদ্যালয় সংবাদদাতা : এবছর জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর ১ম পর্বে ৬ হাজার ৭শ' ১৩টি আসনের মধ্যে ৮০১টি আসন এখনও খালি রয়েছে। ২০টি বিভাগে ৬ হাজার ৭শ' ১৩টি আসনের জন্য ভর্তির আবেদন করেছিল ৩৬ হাজার ৫শ' জন। চলতি জাতীয় বিশ্ববিদ্যালয় নির্ধারিত আসনের জন্য জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সর্বোচ্চ প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ভর্তির মেধা তালিকা প্রস্তুত করেছিল। এই পরিকল্পনা অনুযায়ী নির্ধারিত আসনে ২০টি বিভাগে ভর্তি হয়েছে ৫ হাজার ৯শ' ১২ জন।

বাংলা বিভাগে ৩শ' আসনের মধ্যে ভর্তি হয়েছে ১শ' ৭৯ জন। দর্শন বিভাগে ৪শ' ৫০টি আসনের মধ্যে ভর্তি হয়েছে ৩শ' ৩৯ জন, মনোবিজ্ঞান বিভাগে ৩শ' আসনের মধ্যে ভর্তি হয়েছে ২শ' ৪০ জন। রসায়ন বিভাগে ১শ' আসনের মধ্যে ভর্তি হয়েছে ৮২ জন, অর্থনীতি বিভাগে ২শ' আসনের মধ্যে ভর্তি হয়েছে ১শ' ৪২ জন, ইংরেজি বিভাগে ৩শ' আসনের মধ্যে ভর্তি হয়েছে ২শ' ৮০ জন, ভূগোল বিভাগে ৩শ' আসনের মধ্যে ভর্তি হয়েছে ২শ' ৩৪ জন, সাধারণ ইতিহাস বিভাগে ১শ' ৫০, আসনের মধ্যে ভর্তি হয়েছে ১শ' ২৪ জন, ইসলামের ইতিহাস বিভাগে ৯শ' ৯১টি আসনের মধ্যে ভর্তি হয়েছে ৯শ' ৪৩ জন, ব্যবস্থাপনা বিভাগে ৯শ' ৯১টি আসনের মধ্যে ভর্তি হয়েছে ৯শ' ৮৪ জন, হিসাববিজ্ঞান বিভাগে ৪শ' ৫০ আসনের মধ্যে ভর্তি হয়েছে ৪শ' ৪৩ জন, গণিত বিভাগে ৩শ' আসনের মধ্যে ভর্তি হয়েছে ২শ' ৫২ জন, রাষ্ট্রবিজ্ঞান বিভাগে ৯শ' ৫০, আসনের মধ্যে ভর্তি হয়েছে ৮শ' ৮১ জন, সমাজবিজ্ঞান বিভাগে ২শ' ৫০ আসনের মধ্যে ভর্তি হয়েছে ২শ' ৫ জন, পদার্থবিজ্ঞান বিভাগে ৭৫ আসনের মধ্যে ভর্তি হয়েছে ৫৯ জন, পরিসংখ্যান বিভাগে ৫০ আসনের মধ্যে ভর্তি হয়েছে ৪৯ জন, প্রাণীবিদ্যা বিভাগে ৩শ' আসনে ভর্তি হয়েছে ২শ' ৫০ জন, উদ্ভিদবিজ্ঞান বিভাগে ৪০ আসনের মধ্যে ভর্তি হয়েছে ২৯ জন।

এদের অনেকের সম্ভাবনা রয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার। ফলে আসনসংখ্যা আরো শূন্য হওয়ার কথা।

মন্ত্রণালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শূন্য আসনগুলো পূরণ করার ব্যাপারে নয়া সিদ্ধান্ত না নিলে ঐ আসনগুলো শূন্য থাকবে। ফলে কয়েকশ' ছাত্রছাত্রী উচ্চশিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হবে।